মুজিবনগরে জেলা প্রশাসকের বিদায়ি সংবর্ধনা প্রদান

মেহেরপুর জেলা প্রশাসক আতাউল গনির বদলি হওয়ায় বিদায়ি সংবর্ধনা প্রদান করেছে মুজিবনগর উপজেলা প্রশাসন।
সোমবার দুপুরে মুজিবনগর পর্যটন মোটেলে সংক্ষিপ্ত আকারে বিদায় সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার উসমাস গনির সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিদায়ি জেলা প্রশাসক আতাউল গনি। বিশেষ অতিথি ছিলেন মুজিবনগর উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম।

এ সময় অন্যদের মধ্যে মহাজনপুর ইউপি চেয়ারম্যান আমাম হোসেন মিলু, বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়ূব হোসেন, উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খান, মাধ্যমিক শিক্ষা অফিসার আনোয়ার হোসেনসহ উপজেলার সকল অফিসার বৃন্দরা উপস্থিত ছিলেন।
এ সময় উপজেলা পরিষদের পক্ষ থেকে বিদায়ি জেলা প্রশাসককে ক্রেষ্ট প্রদান করা হয়।
এবং বিভিন্ন দপ্তরের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

মেহেরপুরে নতুন ডিসির আগমন

মেহেরপুর পৌঁছেছে নতুন জেলা প্রশাসক মুনসুর আলম খান। সোমবার বিকালে মেহেরপুর সার্কিট হাউসে এসে পৌছান।

এ সময় স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোহাম্মদ মুজাহিদুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ তৌফিকুর রহমান,(রাজস্ব) মোহাম্মদ আবু সাঈদ, সদর উপজেলা নির্বাহী

কর্মকর্তা মোঃ মাসুদুল আলম, সহকারী কমিশনার (ভূমি) মো, মাইনউদ্দিন,সিনিয়র সহকারী কমিশনার এম এম আরাফাত হোসেন, সহকারী কমিশনার মহিদুল হক, মিনহাজুল ইসলাম, সুজন দাশগুপ্ত, মিথিলা দাস,রাকিবুল ইসলাম,মাহমুদুল হাসান,নাহিদ হোসেন সহ অনেকেই তাকে ফুলেল শুভেচছা জানান।

ঝিনাইদহে সরকারি কোয়ার্টার ও গোডাউন ভাড়ার রমরমা বাণিজ্য

ঝিনাইদহ সড়ক ও জনপথ বিভাগের সরকারি কোয়ার্টারের মধ্যে দোকন নির্মান করে বিক্রয় ও গোডাউন, কোয়াটারের বাসা ভাড়া দিয়ে রমরমা ভাড়া বাণিজ্যের অভিযোগ উঠেছে। খোজ নিয়ে জানা যায়, বছরের পর বছর সওজ’র বর্তমান এক কর্মচারি ও সাবেক এক কর্মচারি ও সন্তানরা এ অর্থ বাণিজ্যে করে আসছে।

সরোজমিনে অনুসন্ধানে গিয়ে দেখা যায়, ঝিনাইদহ শহরের উপশহর পাড়ায় সড়ক ও জনপথ বিভাগের সেমি পাকা একটি কোয়ার্টার রয়েছে। নিয়ম অনুযায়ি সংশিষ্ট দপ্তরের কর্মকর্তা ও কর্মচারি ব্যতিত বহিরাগতরা ব্যবহার বা থাকতে পারিবে না। সরোজমিনে দেখা যায়, কোয়াটারের মধ্যে ৬টি ফ্লাট, ১টি গোডাউন, ২টি দোকার ঘর রয়েছে। এর মধ্যে ৩টি ফ্লাটে বর্তমানে কর্মরত তিন কর্মচারি আরিফুল ইসলাম, জহিরুল ইসলাম ও আজিজুল ইসলাম বসবাস করেন।

অন্য ৩টি ফ্লাটের মধ্যে একটিতে সাবেক কর্মচারি মৃত শফিক উদ্দিনের পরিবার মানবিক বিবেচনায় বসবাস করে আসছে। অভিযোগ উঠেছে অন্য দুইটি ফ্লাটের একটিতে কর্মচারি না হয়েও শুধু মাত্র জহিরুল ও আজিজুল এর ভাই হওয়ার সুবাধে জাহিদুল ইসলাম নামে একজন বসবাস করছে।

অপর ফ্লাটটি সওজ’র বর্তমানে অফিস সহকারি ও কাম টাইপিষ্ট মোখলেছুর রহমান বহিরাগত একজনের নিকট প্রায় দুই বছর যাবৎ ভাড়া দিয়ে রেখেছেন। সেখান থেকে তিনি প্রতি মাসে ২হাজার টাকা করে ভাড়া আদায় করে থাকেন। এখানেই শেষ নয় মোখলেছুর রহমান ক্ষমতার দাপট দেখিয়ে সরকারি কাজে ব্যবহৃত গোডাউন বছরের পর বছর বহিরাগতদের

নিকট ভাড়া দিয়েছেন।

বর্তমানে গোডাউনটি কোয়ার্টার সংলগ্ন মামুন নামে এক ভাংড়ি ব্যবসায়ীর নিকট ১বছর মেয়াদি ১০হাজার টাকায় ভাড়া দিয়েছেন। অনুসন্ধানে আরো জানা যায়, সওজ’র আরেক কর্মচারি শফিক উদ্দিন কোয়াটারের জায়গায় অবৈধ ভাবে সেমি পাকা দুইটি দোকান ঘর নির্মান করেন। এর মধ্যে একটি দোকান শফিক উদ্দিন আলমগীর হোসেন নামে একজনের নিকট বিক্রয় করেন। যা পরবর্তিতে আলমগীরে কাছ থেকে প্রায় একযুগ আগে শাহাদত হোসেন নামে এক প্লাস্টিক ব্যবসায়ী ক্রয় করে গোডাউন হিসাবে ব্যবহার করছে।

সাবেক কর্মচারি শফিক উদ্দিন মারা যাবার পর মানবিক বিবেচনায় তার বিধবা স্ত্রী, সন্তানদের থাকতে দেওয়া হয়। কিন্তু এ সুযোগ ব্যবহার করে মৃত শফিকের ছেলে হারুন অপর দোকান ঘরটি দীর্ঘ দিন ধরে ভাড়া দিয়ে আসছেন। বর্তমানে ১০হাজার টাকার চুক্তিতে প্রতি মাসে ৫০০টাকা করে এই দোকান ভাড়া বাবদ অর্থ আদায় করছেন।

কোয়াটারের বাসা ও গোডাউন ভাড়া দেওয়ার বিষয়ে জানতে চাইলে সড়ক ও জনপথ বিভাগের অফিস সহকারি ও কাম টাইপিষ্ট মোখলেছুর রহমান বলেন, আমি গোডাউর ভাড়া দেয়নি। আর বাসা ভাড়া দেওয়ার বিষয়ে বলেন, ভাড়াটিয়াকে বলে দিয়েছি আগামী মাসে বাসা ছেড়ে দিতে।

কোয়াটারের দেখাশোনার দায়িত্বে থাকা ঝিনাইদহ সড়ক ও জনপথ বিভাগের উপ-বিভাগীয় প্রকৌশলী মুকুর জ্যোতি বসু বলেন, আমি নতুন এসেছি। বিষয়টি আমার জানা নেই। তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

কোটচাঁদপুরে ট্রাক্টরের ধাক্কায় প্রতিবন্ধী যুবকের মৃত্যু

ঝিনাইদহেরে কোটচাঁদপুরে ইট ভাটার একটি ট্রাক্টরের ধাক্কায় রোহান (১৮) নামে এক প্রতিবন্ধী যুবকের মর্মান্তিক মৃত্যু হয়েছে।

সোমবার (৬জুলাই) সকাল সাড়ে ৯টার দিকে উপজেলার সাফদারপুর মকসেদ মোড়ে এই দূর্ঘটনা ঘটে। নিহত রোহান সাফদারপুর ইউনিয়নের লক্ষিকুন্ড গ্রামের (খাঁন পাড়ার) ফসিয়ারের ছেলে।

স্থানীয়রা জানায়, সোমবার সকালে প্রতিবন্ধী রোহান বাড়ি থেকে পায়ে হেটে সাফদারপুর বাজারে আসছিলেন। এসময় বিপরীত দিক থেকে আসা (মকসেদ মোড়ের) রিপন ব্রীক্সসের একটি ট্রাক্টর বেপরোয়া গতিতে ঘটনাস্থলে পৌছে প্রতিবন্ধী ওই যুবককে সজোরে ধাক্কা দেয়। দূর্ঘটনায় ট্রাক্টরের চাকায় প্রতিবন্ধী যুবকের শরীর পিষ্ট হয়ে যায়।

স্থানীয়রা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্যকমপ্লেক্সে নিয়ে যায়। অবস্থার অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক তাকে উন্নত চিকিৎসার জন্য যশোর জেনারেল হাসপাতালে পাঠালে পথিমধ্যে তার মৃত্যু হয়।

এব্যাপারে কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম জানান, নিহতের পরিবারের পক্ষ থেকে কোন অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।

বিএসএমএমইউতে ৩৭০ শয্যার করোনা সেন্টার চালু

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে (বিএসএমএমইউ) ৩৭০ শয্যার অত্যাধুনিক পূর্ণাঙ্গ করোনা সেন্টার চালু করা হয়েছে। দীর্ঘদিন ধরে যারা কিডনি, হার্টসহ বিভিন্ন জটিল রোগে ভোগার পাশাপাশি করোনায় আক্রান্ত হয়েছেন, তারা এখানে পাবেন উন্নতমানের চিকিত্সা সেবা। বিএসএমএমইউয়ের প্রোভিসি (প্রশাসন) অধ্যাপক ডা. রফিকুল আলমের তত্ত্বাবধানে বিশ্ববিদ্যালয়ের মেডিসিন বিশেষজ্ঞ ও রেসপিরেটরি মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তারদের সমন্বয়ে গঠিত টিম সেবা প্রদানে সার্বক্ষণিক প্রস্তুত থাকবে এই করোনা সেন্টারে।

৩৭০ শয্যার মধ্যে ‘কেবিন ব্লকে’ শয্যার সংখ্যা ২৫০টি এবং ‘বেতার ভবনে’ শয্যার সংখ্যা ১২০টি। ‘কেবিন ব্লকে’ এর মধ্যে ইমার্জেন্সি

নিয়ম বহাল থাকবে।

সূত্র- ইত্তেফাক

সৌদিতে সড়ক দুর্ঘটনায় বাংলাদেশি যুবক নিহত

সৌদি আরবে সড়ক দুর্ঘটনায় আবদুল্লাহ আল নোমান (২৪) নামে এক বাংলাদেশি যুবক নিহত হয়েছেন। নিহত যুবকের বাড়ি ফেনী সদর উপজেলার কালিদহ ইউনিয়নের হাজীরবাজার সংলগ্ন গোবিন্দপুর গ্রামে।

শনিবার রাতে কোম্পানির গাড়িতে করে রাজধানী রিয়াদ থেকে প্রায় এক হাজার কিলোমিটার পশ্চিমে জিজান শহরে যাওয়ার পথে দুর্ঘটনার কবলে পড়েন তিনি। পরে রবিবার স্থানীয় সময় রাতে কোম্পানির পক্ষ থেকে নোমানের মৃত্যুর বিষয়টি তার মামা সৌদি প্রবাসী আবদুল আউয়াল খোকনকে জানানো হয়।

গণমাধ্যমকে আবদুল আউয়াল খোকন জানান, শনিবার রাতে দুর্ঘটনার পর নোমানের খোঁজ মিলছিল না। রবিবার দিনভর বিভিন্ন হাসপাতালে খোঁজ নেয়ার পর সন্ধ্যায় কোম্পানির লোকেরা একটি হাসপাতালে তার মরদেহ শনাক্ত করেন।

তিনি আরও জানান, ওই গাড়িতে নোমানের সঙ্গে ড্রাইভার এবং আরও দুজন ছিলেন। ড্রাইভার ছাড়া বাকি দুজনও নিহত হয়েছেন বলে খবর মিলেছে, তাদের বাড়ি চাঁদপুরে বলেও শোনা গেছে। আর ড্রাইভারও মারাত্মক আঘাতপ্রাপ্ত হয়ে চিকিৎসাধীন।

গোবিন্দপুরের সেলিম-ফাতেমা দম্পতির তিন ছেলে ও এক মেয়ের মধ্যে নোমান ছিলেন দ্বিতীয়। ভাগ্যবদলের আশায় বছর দেড়েক আগে সৌদি আরবে পাড়ি জমিয়েছিলেন তিনি।

সূত্র- বিডি-প্রতিদিন

বাড়ছে উত্তেজনা, পাকিস্তানকে অস্ত্রবাহী ড্রোন দিচ্ছে চীন

ভারত ও চীনের মধ্যে উত্তেজনা বিরাজ করছে। লাদাখ সীমান্তে গলওয়ান উপত্যকায় চীনা সেনাদের সঙ্গে সংঘর্ষের পর সতর্ক অবস্থানে আছে দুই দেশের সেনারা। এরইমধ্যে সামরিক শক্তি বাড়াচ্ছে পাকিস্তান। আর তার নেপথ্য বেইজিং।

ইসলামাবাদকে চারটি অস্ত্রবাহী ড্রোন দিচ্ছে চীন। বলা হচ্ছে, চীন-পাকিস্তান অর্থনৈতিক করিডোর ও গোদার বন্দরে নজর রাখতে এই ড্রোনগুলো ব্যবহার করা হবে। কিন্তু এর পিছনে অন্য উদ্দেশ্য দেখছে বিশেষজ্ঞ মহল।

এ প্রসঙ্গে বলে রাখা ভাল, গোদার বন্দরে ঘাঁটি গেড়ে রয়েছে চীনা নৌবাহিনী। এদিকে বেইজিংকে পাল্টা চাপে রাখতে প্রস্তুত ভারতও। যুক্তরাষ্ট্রের কাছ থেকে অত্যাধুনিক ড্রোন কিনতে আলোচনা শুরু হয়ে গেছে। ফলে উপমহাদেশীয় অঞ্চলে উত্তেজনার পারদ ক্রমশ বাড়ছে।

ভারতীয় সংবাদমাধ্যম বলছে, বেইজিং পাকিস্তান সেনার হাতে দুটি ড্রোন সিস্টেম তুলে দিচ্ছে। প্রতিটিতে দুটি ড্রোন ও একটি করে গ্রাউন্ড স্টেশন আছে। ড্রোনগুলো উইং লুং টু- এর অত্যাধুনিক রূপ। পাকিস্তানের সেনার ব্যবহারের জন্য এই ড্রোন তৈরি করা হচ্ছে।

উইং লুং টু আদপে অস্ত্রবাহী ড্রোন, যা একসঙ্েগো ১২টি ক্ষেপণাস্ত্র বহন করতে পারে। পাশাপাশি অনেক উঁচু থেকে নজরদারি চালাতেও ওস্তাদ উইং লুং টু। এশিয়ার বহু দেশে এই ড্রোন বিক্রি করেছে বেইজিং।

এবার সেই তালিকায় পাকিস্তানের নাম জুড়তে চলেছে। ভারত-চীন উত্তেজনার মাঝেই পাকিস্তানের হাতে এই অস্ত্র আসায় কিছুটা হলেও চিন্তিত ভারত।

সূত্র- বিডি প্রতিদিন

ফেসবুকের বিকল্প ‘এলিমেন্টস’ অ্যাপ চালু ভারতে

চীনের সঙ্গে সংঘাত শুরুর পর টিকটকসহ ৫৯টি চীনা অ্যাপ নিষিদ্ধ করেছিল ভারত। এবার ফেসবুক-হোয়াটসঅ্যাপের বিকল্প হিসেবে এলিমেন্টস (Elyments) নামে একটি অ্যাপের উদ্বোধন করা হয়েছে ভারতে। রবিবার এক ভার্চুয়াল সভায় দেশটির উপ-রাষ্ট্রপতি ভেংকাইয়া নাইডু ওই অ্যাপের উদ্বোধন করেন।

এলিমেন্টসকে বলা হচ্ছে ভারতের প্রথম সম্পূর্ণ দেশীয় ‘সোশ্যাল মিডিয়া সুপার অ্যাপ’। এক হাজারেরও বেশি ইঞ্জিনিয়ার মিলে এই অ্যাপটি তৈরি করেছেন। মোট আটটি ভারতীয় ভাষায় অ্যাপটি ব্যবহার করা যাবে।

গুগল প্লে স্টোর এব অ্যাপেল স্টোর থেকে এলিমেন্টস অ্যাপ ডাউনলোড করে নিতে হবে। ইতিমধ্যেই এক লাখের বেশি মানুষ অ্যাপটি লাউনলোড করেছেন। এই অ্যাপের মাধ্যমেও ফেসবুকের মতোই বন্ধু- পরিবার-পরিজনদের সঙ্গে যোগাযোগ রাখা যাবে। নানা আকর্ষণীয় ফিচারও আছে। ক্যামেরায় থাকছে ইন-বিল্ড ফিল্টার ও অগমেন্টেড রিয়ালিটি ফিগার। চ্যাটিংও থাকছে। মিলবে খবরের সমস্ত আপডেট। সূত্র- বিডি প্রতিদিন

ছাত্রলীগের সাবেক সভাপতি মাঈনুদ্দিন করোনায় আক্রান্ত

কেন্দ্রীয় ছাত্রলীগের সাবেক সভাপতি মাঈনুদ্দিন হাসান চৌধুরী কোভিড ১৯-এ আক্রান্ত। তিনি এখন ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে চিকিৎসাধীন।

মাঈনুদ্দিনের ছোট ভাই ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের মেডিসিন বিভাগের রেজিস্ট্রার ফরহাদ উদ্দিন চৌধুরী মারুফ বিষয়টি নিশ্চিত করেছেন।

মাঈনুদ্দিনের শরীরে করোনাভাইরাসের উপসর্গ দেখা দিলে গত ২ জুলাই তিনি নমুনা দেন পরীক্ষার জন্য। ওই দিনই তার রিপোর্টে পজিটিভ আসে। সেই সঙ্গে সিটিস্ক্যান করলে তার ফুসফুসে নিউমোনিয়া ধরা পড়ে।

তার অক্সিজেন লেভেল স্বাভাবিক রয়েছে জানিয়ে ফরহাদ উদ্দিন চৌধুরী মারুফ বলেন, বড় ভাইয়ের শরীরে করোনাভাইরাসের উপসর্গ দেখা দিলে নমুনা পরীক্ষায় পজিটিভ আসে। সঙ্গে সঙ্গে তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। বর্তমানে তিনি সেখানেই চিকিৎসা নিচ্ছেন।

উল্লেখ্য, মাঈনুদ্দিন হাসান চৌধুরী ১৯৯২ থেকে ১৯৯৪ সাল পর্যন্ত বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় সভাপতি ছিলেন। ১৯৯৬ সালের সংসদ নির্বাচনে চট্টগ্রাম-১৪ সাতকানিয়া-লোহাগাড়া আসনে আওয়ামী লীগের প্রার্থী হয়েছিলেন মাঈনুদ্দীন চৌধুরী। সূত্র- যুগান্তর

সমুদ্রবন্দরে ৩ নম্বর সতর্কসংকেত

সক্রিয় মৌসুমি বায়ুর প্রভাবে বায়ুচাপের তারতম্যের আধিক্যের কারণে ঝড়ো হাওয়ার আশঙ্কায় দেশের সমুদ্রবন্দরগুলোকে ৩ (তিন) নম্বর স্থানীয় সতর্কসংকেত দেখাতে বলা হয়েছে। এ ছাড়া দেশে টানা বর্ষণের সম্ভাবনার কথা বলা হয়েছে।

সোমবার সকালে আবহাওয়া অধিদফতরের সতর্কবার্তায় চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্রবন্দরকে ৩ নম্বর স্থানীয় সতর্কসংকেত দেখাতে বলা হয়েছে।

এ ছাড়া উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারকে

পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি এসে সাবধানে চলাচল করতে বলা হয়েছে।

অন্যদিকে ঢাকা ও পার্শ্ববর্তী এলাকার সকাল ৭টা থেকে দুপুর ১টা পর্যন্ত পূর্বাভাসে বলা হয়েছে– আকাশ আংশিক মেঘলা থেকে অস্থায়ীভাবে মেঘলা থাকতে পারে। হালকা বৃষ্টি হতে পারে। দক্ষিণ বা দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘণ্টায় ১০ থেকে ১৫ কিলোমিটার বেগে বাতাস প্রবাহিত হতে পারে। দিনের তাপমাত্রা অপরিবর্তিত থাকতে পারে।

নদীবন্দরসমূহের সতর্কবার্তায় বলা হয়েছে– রংপুর, রাজশাহী, দিনাজপুর, পাবনা, বগুড়া, টাঙ্গাইল, ময়মনসিংহ, ঢাকা, ফরিদপুর, মাদারীপুর, কুষ্টিয়া, যশোর, খুলনা, বরিশাল, পটুয়াখালী, কুমিল্লা নোয়াখালী, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চলসমূহের ওপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘণ্টায় ৪৫-৬০ কিলোমিটার বেগে বৃষ্টি অথবা বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা অথবা ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে।

এসব এলাকার নদীবন্দরসমূহকে ১ নম্বর সতর্কতা সংকেত (পুনঃ) ১ নম্বর সতর্কতা সংকেত দেখাতে বলা হয়েছে।

এ ছাড়া রোববার সন্ধ্যা ৬টা থেকে পরবর্তী ৪৮ ঘণ্টায় দেশে বৃষ্টিপাতের প্রবণতা বৃদ্ধি পেতে পারে। আগামী পাঁচ দিন তা অব্যাহত থাকতে পারে। সূত্র- যুগান্তর